<u>**মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন ছক**</u>

**মন্ত্রণালয়/বিভাগ: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**প্রতিবেদনাধীন অর্থবছর: ২০২৪-২৫**

**আওতাধীন দপ্তর/সংস্থার সংখ্যা: ০৬**
**প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১২ জানুয়ারি, ২০২৬**

**(১) প্রশাসনিক তথ্য :**

১. ১ **কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)(মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পূরণীয়):**

| প্রতিষ্ঠান | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ১০৯ | ৯৭ | ১২ | ১৫ | - |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৮৩৬ | ৫৮০৯ | ২০২৭ | ২৬২৩ | - |
| **মোট** | **৭৯৪৫** | **৮৯০৬** | **২০৩৯** | **২৬৩৮** | - |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ নিয়োগ/পদোন্নতি প্রদান (মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পূরণীয়):

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১১৫ | ০৯ | ১২৪ | ৩৬ | ১২৭ | ১৬৩ | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বিত |

**(২) অডিট আপত্তি**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত)(মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পূরণীয়):

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগ | অডিট আপত্তি | | ব্রডশিট জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) |
| ০১ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১৫ | ১১.১৬৫৩ | ১৫ | ০ | ০.০০ | ১৫ | ১১.১৬৫৩ |
| ০২ | যুব উন্নয়ন অধিদপ্তর | ৪২২ | ১৩৯.৫৯২৭ | ৪০৩ | ১২ | ১.৪২৬১ | ৪১০ | ১৩৮.১৬৬৬ |
| ০৩ | ক্রীড়া পরিদপ্তর | ৩৫ | ৩.৭৩০৯ | ২৮ | ০ | ০.০০ | ৩৫ | ৩.৭৩০৯ |
| ০৪ | জাতীয় ক্রীড়া পরিষদ | ৩৫৫ | ৭৫০.৫১২৭ | ৩৪৯ | ১ | ৮.০০৫২ | ৩৫৪ | ৭৪২.৫০৭৫ |
| ০৫ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ৩৮ | ৪১.৮২৬০ | ৩৫ | ০ | ০.০০ | ৩৮ | ৪১.৮২৬০ |
| ০৬ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | ৯ | ২.৬২০০ | ৯ | ০ | ০.০০ | ৯ | ২.৬২০০ |
| ০৭ | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | ১৫ | ৬.৯১৮৯ | ১৫ | ০ | ০.০০ | ১৫ | ৬.৯১৮৯ |
| | **সর্বমোট** | **৮৮৯** | **৯৫৬.৩৬৬৫** | **৮৫১** | **১৩** | **৯.৪৩১৩** | **৮৭৬** | **৯৪৬.৯৩৫২** |

২.২ **অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা (মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণীয়): নেই।**

**(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলার তথ্য (মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণীয়):**

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২৪-২৫) মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ৬৮ | ০৯ | ১৬ | ২৪ | ৪৯ | ১৯ |

**(৫) প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য আইন/অধ্যাদেশ/ নীতি/ নীতিমালা/ বিধি সংক্রান্ত তথ্য:**

**৫.১ প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২৪-২৫) সম্পাদিত উল্লেখযোগ্য আইন/অধ্যাদেশ (মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণীয়):**

ক. শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ । এই অধ্যাদেশের মাধ্যমে প্রতিষ্ঠানটি নাম জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট করা হয়েছে ।

খ. বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫। এই অধ্যাদেশের মাধ্যমে প্রতিষ্ঠানটি নাম জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন করা হয়েছে ।

**৫.২ প্রতিবেদনাধীন অর্থবছরে(২০২৪-২৫) নীতি/ নীতিমালা এবং বিধি প্রণয়ন করে থাকলে তার তালিকা (মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পূরণীয়):**

ক. ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা, ২০২৪

খ. জাতীয় যুব উদ্যোক্তা উন্নয়ন নীতিমালা, ২০২৫

গ. জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত)-২০২৫

ঘ. ইয়ুথ ভলান্টিয়ার নীতিমালা (সংশোধিত)-২০২৫

ঙ. যুব কল্যান তহবিল হতে যুব সংগঠনদেরকে অনুদান প্রদান নীতিমালা- ২০২৫

**৬.০ মন্ত্রণালয় / বিভাগের সংস্কার কার্যক্রম এবং সমস্যা/সঙ্কট সংক্রান্ত তথ্য:**

৬.১ **প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২৪-২৫) মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক সম্পাদিত সর্বাধিক গুরুত্বপূর্ণ সংস্কার কার্যক্রম (রুটিনধর্মী কাজ নয়, সর্বোচ্চ ১০টি) (মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পূরণীয়):**

| ক্র.নং | গৃহীত পদক্ষেপ | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০১ | জুলাই আগস্ট ২০২৪ বৈষম্যবিরোধী ছাত্রজনতার আন্দোলনে আহত ও শহীদ পরিবারের সদস্যদের কল্যাণে কর্মসূচি/ কর্মসংস্থানের জন্য প্রকল্প গ্রহণ।<br><br>প্রকল্পের নাম:<br>‘জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানে আহত ও শহিদ পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা সুদৃঢ়করণে প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন” শীর্ষক প্রকল্প। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ‘জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানে আহত ও **শহীদ** পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা সুদৃঢ়করণে প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন’ শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তর হতে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত প্রকল্পের ‘সম্ভাব্যতা সমীক্ষা’ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষার খসড়া প্রতিবেদনের ওপর ১৭.০৬.২০২৫ তারিখে এ মন্ত্রণালয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রাপ্ত মতামতের আলোকে সমীক্ষা প্রতিবেদন চূড়ান্ত করা হবে। সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হবে। |
| ০২ | যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ (Self Defence)<br><br>প্রকল্পের নাম:<br>‘যুবদের আত্মরক্ষামূলক প্রশিক্ষণ' শীর্ষক প্রকল্প। | বিকেএসপি কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত ‘যুবদের আত্মরক্ষামূলক প্রশিক্ষণ’ শীর্ষক প্রকল্পের ‘প্রকল্প যাচাই কমিটি’র সভা গত ০৬ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে ১৫ এপ্রিল ২০২৫ তারিখে প্রেরণ করা হয়েছে। আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ হতে প্রকল্পের পর্যবেক্ষণের আলোকে ডিপিপি পুনর্গঠন প্রক্রিয়াধীন রয়েছে। প্রস্তাবিত প্রকল্পের জনবল অনুমোদন, প্রকল্পের ১টি মাইক্রোবাস হায়ারিং ও অর্থায়নে সম্মতির জন্য এ মন্ত্রণালয় হতে অর্থ বিভাগে পত্র |

| ক্র.নং | গৃহীত পদক্ষেপ | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | | প্রেরণ করা হয়েছে। |
| ০৩ | 'তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রকল্প।<br><br>প্রকল্পের নাম:<br>'তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রকল্প। | প্রকল্পের 'প্রকল্প যাচাই কমিটি'র সভা ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে এ প্রকল্পের ডিপিপি যুব উন্নয়ন অধিদপ্তর হতে পুনর্গঠন করে মন্ত্রণালয় হতে ১৪ মে ২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামা বিভাগে প্রেরণ করা হয়েছে। আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ হতে প্রকল্পের কতিপয় ত্রুটি-বিচ্যুতির আলোকে ডিপিপি সংশোধনের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। প্রকল্পের ডিপিপি পুনর্গঠন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ০৪ | Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প বাস্তবায়ন। | সার্ভিস প্রোভাইডার ১০টি প্যাকেজে EOI আহবান করা হয়। (চট্টগ্রাম বিভাগে ৩টি এবং অন্যান্য ৭টি বিভাগে ৭টি প্যাকেজ)। ২৩.০৬.২০২৪ তারিখ EOI উন্মুক্ত করা হয়েছে। EOI মূল্যায়ন প্রতিবেদন বিশ্বব্যাংক কর্তৃক গৃহীত হওয়ার পর ৭৮টি প্রতিষ্ঠানের বিপরীতে RFP ইস্যু করা হয়। গত ২৭.০৬.২০২৫ তারিখ ১০টি প্যাকেজের ৬৭টি প্রতিষ্ঠান RFP দাখিল করেছে। গত ২৯.০৬.২০২৫ তারিখ বিশ্বব্যাংক RFP মূল্যায়ন নির্ণায়ক অনুমোদন করেছে। বর্তমানে RFP মূল্যায়ন কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। |
| ০৫ | দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান।<br><br>প্রকল্পের নাম:<br>'দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্প। | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক 'দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি' বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় ৪৮ জেলায় ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। জুন ২০২৫ পর্যন্ত ৪৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এপ্রিল-জুন ২০২৫ সেশনে ২য় ব্যাচে ২৪০০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৬ | শারীরিক ও মানসিকভাবে অক্ষম নাগরিকদের সেবা প্রদানের জন্য কেয়ারগিভার তৈরি।<br><br>প্রকল্পের নাম:<br>"শারীরিক ও মানসিকভাবে অক্ষম নাগরিকদের সেবা প্রদানের জন্য কেয়ারগিভার তৈরি" শীর্ষক প্রকল্প। | যুব উন্নয়ন অধিদপ্তরের প্রস্তাবিত 'শারীরিক ও মানসিকভাবে অক্ষম নাগরিকদের সেবা প্রদানের জন্য কেয়ারগিভার তৈরি' শীর্ষক প্রকল্পের ওপর 'প্রকল্প যাচাই কমিটি'র সভা সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাপতিত্বে ০৪.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত এডিপি'তে 'অননুমোদিত নতুন প্রকল্পের তালিকা' (সবুজ পাতা)-তে অন্তর্ভুক্তির লক্ষ্যে PPS সফটওয়ারের মাধ্যমে ১৭.০৪.২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ০৭. | ক্রীড়া ক্ষেত্রে গতিশীলতা আনয়ন ও সুশাসন নিশ্চিতকরণ। | ১। ফেডারেশনের কমিটি ভেঙ্গে দেওয়া হয় এবং নতুন এডহক কমিটি গঠন করা হয়েছে।<br>২। ২০১ টি উপজেলা মিনি স্টেডিয়াম স্থাপনের লক্ষ্যে প্রায় ২৯৭৩ কোটি টাকা বরাদ্দকরণে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে।<br>০৩। জাতীয় ক্রীড়া সংস্থাসমূহের জন্য আর্দশ গঠনতন্ত্র তৈরি করা হচ্ছে। |
| ০৮. | ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা ২০১৬ হালনাগাদকরণ। | "ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা ২০১৬" সংশোধনপূর্বক "ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা ২০২৪" নভেম্বর/২০২৪ মাসে প্রণয়ন করা হয়েছে। |
| ০৯ | জুলাই-আগস্ট বিপ্লবে আহত ছাত্রদের স্পেশালা অলিম্পিক গেমস/প্যারা অলিম্পিক গেমসে প্রেরণ। | বিকেএসপি'র গত ০৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের স্বল্প মেয়াদী স্মারক নম্বর: ৩৪.০৪.০০০০.০০১.১৬.০০২.২৪.৩৭৬ অনুযায়ী জুলাই-আগস্ট বিপ্লবে আহত ছাত্রদের স্পেশাল অলিম্পিক গেমস/প্যারা অলিম্পিক গেমসে প্রেরণের লক্ষ্যে বিশেষ প্রশিক্ষণ ক্যাম্প আয়োজনের জন্য অর্থ বরাদ্দ প্রদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০৮ মে ২০২৫ তারিখের পত্রের চাহিদা মোতাবেক ২০ মে ২০২৫ তারিখে বাজেট বিভাজন প্রেরণ করা হয়েছে। জুলাই-আগস্ট বিপ্লবে আহত ছাত্রদের স্পেশাল অলিম্পিক গেমস এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণ ক্যাম্পে অংশগ্রহণের জন্য জুলাই-আগস্ট বিপ্লবে আহত ছাত্রদের মধ্য থেকে আর্চারি, শ্যুটিং ও টেবিল টেনিস ক্রীড়া বিভাগের |

| ক্র.নং | গৃহীত পদক্ষেপ | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | | জন্য ০৩ জন করে মোট ১২ (বার) জন প্রশিক্ষণার্থী মনোনয়নের অনুরোধ করে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনে ২০ মে ২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক ১৬.০৬.২০২৫ তারিখে ১৯ (উনিশ) জনের নামের তালিকা বিকেএসপি'তে প্রেরণ করা হয়েছে। বিকেএসপি থেকে ১২ (বার) জনের মনোনয়ন চাওয়া হলেও জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক ১৯ (উনিশ) জনের নামের তালিকা প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে গত ১৫.০৬.২০২৫ তারিখে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক ১২ (বার) জনকে মনোনয়ন দেওয়া হয়। মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রথমে ২৬.০৭.২০২৫ থেকে এক মাস মেয়াদে আর্চারি, শ্যুটিং ও টেবিল টেনিস ক্রীড়ায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০.০৯.২০২৫ থেকে ১৯.১১.২০২৫ মেয়াদে (দুই মাস) আর্চারি, এ্যাথলেটিক্স, শ্যুটিং ও টেবিল টেনিস ক্রীড়ায় প্রশিক্ষণ প্রদান করা হবে। |
| ১০ | উপজাতি জনগোষ্ঠীর জন্য ক্রীড়া উন্নয়ন। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা পার্বত্য রাঙ্গামাটি জেলায় একটি বিকেএসপি স্থাপনের জন্য ১৬.০৩.২০২৫ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বরাবর একটি উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করেন। তৎপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ১০.০৪.২০২৫ তারিখে মহাপরিচালক বিকেএসপিকে রাঙ্গামাটি জেলায় একটি বিকেএসপি স্থাপনের ডিপিপি প্রণয়নের জন্য পত্র প্রেরণ করা হয়। |
| ১১ | 'বাংলাদেশ স্পোর্টস ইনস্টিটিউট (BSI)স্থাপন। | প্রস্তাবিত 'বাংলাদেশ স্পোর্টস ইনস্টিটিউট (BSI) স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র রামু, কক্সবাজারে (BSI) স্থাপন করা হবে। প্রস্তাবিত প্রকল্পের পাক সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন। |

৬.২ **২০২৪-২৫ অর্থবছরে মন্ত্রণালয়/ বিভাগের কার্যাবলি সম্পাদনে গুরুতর সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখ করার প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি):**

১. এ মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্মচারীদের জন্য বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী পর্যাপ্ত কক্ষ নাই এবং বর্তমানে বরাদ্দকৃত কক্ষসমূহ কয়েকটি ভবনে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। পর্যাপ্ত কক্ষ বরাদ্দ এবং বরাদ্দকৃত কক্ষসমূহ একই ভবনে হলে মন্ত্রণালয়ের কার্যকম পরিচালনা সহজতর হতো।

২. বাজেট অপ্রতুলতার কারণে ক্রীড়া ক্ষেত্রে আরও সাফল্য অর্জনের লক্ষ্যে বিদেশী বিশেষজ্ঞ কোচ নিয়োগ এবং অধিকাংশ আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করা সম্ভব হচ্ছে না।

**(১১) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্য:**

**১১.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত) (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ):**

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার |
|---|---|---|
| ২১ | ৬২৭.৯৫ | ৫৭৫.০৮৬৭ কোটি টাকা<br>৯১.৬০% |

১১.২ প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত প্রকল্পের তালিকা (মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পূরণীয়):

ক) জাতীয় স্টেডিয়াম, ঢাকা এর অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত)

খ) ভোলা জেলাস্থ গজনবী স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন, ইনডোর স্টেডিয়াম এবং সুইমিংপুল নির্মাণ (১ম সংশোধিত)

গ) যানবাহন চালনা প্রশিক্ষণ (১ম সংশোধিত)

**(১৮) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে):**

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন অর্থবছর (২০২৪-২৫) | | পূর্ববর্তী অর্থবছর (২০২৩-২৪) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| যুব কল্যাণ তহবিল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১ | আর্থিক সহায়তা | ৯৫০ টি প্রতিষ্ঠান /সুবিধাভোগী | ৫৪১.০০ | ১০৫০ টি প্রতিষ্ঠান /সুবিধাভোগী | ৪৯১.০০ |
| জাতীয় ক্রীড়াসেবী কল্যান ফাউন্ডেশন | ২ | ক্রীড়াভাতা | ১৬৭৮ জন | ৪০২.৭২ | ১৬৩০ জন | ৩৯১.২০ |
| | ৩ | চিকিৎসা ও আর্থিক সহায়তা | ২৪ জন | ৩৫.২২ | ১৭৩ জন | ২২০.৪৫ |
| | ৪ | ক্রীড়া শিক্ষা বৃত্তি | - | - | ১০০০ জন | ১৮৩.৯৬ |

২২.০২.২৬
সেলিনা আক্তার
সহকারী সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২/০২/২৬
মোঃ মাহবুব-উল-আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়